ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৪৫৬

আগরতলা,২৫ আগস্ট,২০২৬

**বুথ লেভেল অফিসাররা ভারতের গণতন্ত্রের ভিত্তির স্তম্ভ: মুখ্য নির্বাচন কমিশনার**

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আজ লখনউতে উত্তরপ্রদেশের বুথ লেভেল অফিসারদের (বিএলও) সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ৫০০-এরও বেশি বিএলও এবং ৩০ জন বিএলও সুপারভাইজার এই মতবিনিময় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

উদ্বোধনী ভাষণে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বিএলও-দের বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের ভিত্তির স্তম্ভ হিসেবে বর্ণনা করেন। তিনি আরও বলেন, ভারতে ভোটার তালিকা প্রস্তুত করা এবং নির্বাচন পরিচালনার কাজ ভারতের সংবিধান, আইন এবং ভারতের নির্বাচন কমিশন কর্তৃক জারি করা নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করে সম্পন্ন করা হয়।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, বিএলও-রা নির্বাচনী প্রক্রিয়ার প্রতি আস্থা ও স্বচ্ছতার ধারক এবং তাঁরাই নাগরিকদের সঙ্গে ভারতের নির্বাচন কমিশনের প্রথম যোগাযোগের মাধ্যম। তিনি উল্লেখ করেন, ভোটার তালিকা প্রস্তুতের ক্ষেত্রে উত্তরপ্রদেশের বিএলও-রা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং এখনও সেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন।

চলতি বছরের এপ্রিল মাসে রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর উত্তরপ্রদেশে প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় ১৩.৩৯ কোটিরও বেশি ভোটারের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রক্রিয়াটি ১.৭৭ লক্ষ বুথ লেভেল অফিসার-এর মাধ্যমে সম্পন্ন হয়। একই সঙ্গে স্বীকৃত রাজনৈতিক দলগুলির নিযুক্ত ৫.৮২ লক্ষেরও বেশি বুথ লেভেল এজেন্ট এই প্রক্রিয়ার সমান্তরাল নিরীক্ষা করেন।

সভার অংশ হিসেবে বিএলও-রা মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে প্রশ্নোত্তর পর্বেও অংশ নেন। এই মতবিনিময়ের মাধ্যমে বিএলও-রা সরাসরি মুখ্য নির্বাচন কমিশনারের কাছে তাঁদের বিভিন্ন সংশয় ও প্রশ্নের উত্তর জানার সুযোগ পান। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****